# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৭১২

তারিখ: ১৬ অগ্রহায়ণ, ১৪২৯ / ০১ ডিসেম্বর, ২০২২

**বিষয়: ১৪ ডিসেম্বর, শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২২ পালন উপলক্ষে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত /কর্মসূচি বাস্তবায়ন**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.১৯৫; তারিখ: ২৩ অক্টোবর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত পত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রে ১৪ ডিসেম্বর, শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২২ পালন উপলক্ষে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১৩ (তের) পৃষ্ঠা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০১.১২.২০২২

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ইমেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৭১২(৮)

তারিখ: ১৬ অগ্রহায়ণ, ১৪২৯ / ০১ ডিসেম্বর, ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার (সকল);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৬. সদস্যবৃন্দ-গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১/১২/২২

**(মোঃ ওমর ফারুক)**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২- ৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd

E:\Admin\Manik\Madrasha Letter\শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২২.Docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.১৯৫

তারিখ: ৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

বিষয়: **১৪ ডিসেম্বর, শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২২ পালন উপলক্ষে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত/কর্মসূচি বাস্তবায়ন।**

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২২.২৬, তারিখ: ০৬ সেপ্টেম্বর, ২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪ ডিসেম্বর, শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২২ পালন উপলক্ষে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২২ এর *তাৎপর্য তুলে ধরে স্ব স্ব দপ্তর/সংস্থা সুবিধাজনক সময়ে আলোচনা সভা করবে।*

*খ) শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা ও উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে আলোচনা সভা করতে হবে।*

এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্তদ্বয়ের প্রেক্ষিতে শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২২ এর *তাৎপর্য তুলে ধরে সকল দপ্তর/সংস্থা স্ব স্ব প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে আলোচনা সভার আয়োজন করবে এবং জেলা ও উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটির তাৎপর্য তুলে ধরে সুবিধাজনক সময়ে আলোচনা সভা করার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।*

সংযুক্তি: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণী।

২৩-১০-২০২২
ড. মোঃ আশরাফুজ্জামান

উপসচিব
ফোন: ০২-২২৩৩৫২৩৬১
ফ্যাক্স: ০২-৯৫৮৪৪৬৬
ইমেইল: cordtmed@gmail.com

বিতরণ :

১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

৩) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

৪) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া

৬) অধ্যক্ষ, অধ্যক্ষ-এর দপ্তর , বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.১৯৫/১(৩)

তারিখ: ৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) ব্যক্তিগত কর্মকর্তা , প্রশাসন ও অর্থ অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা -২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২৩-১০-২০২২
ড. মোঃ আশরাফুজ্জামান
উপসচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডাইরী নং- 2600
তারিখ- 25 SEP 2022

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

**বিষয়ঃ ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২২ পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি<br>মাননীয় মন্ত্রী<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ০৭ আগস্ট, ২০২২ বিকাল: ৩.০০ টা। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, জনাব খাজা মিয়া ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবসের প্রেক্ষাপট বর্ণনা করে বলেন, আমাদের জাতীয় ইতিহাসে এটি এক গুরুত্বপূর্ণ দিন যা এক মর্মস্পর্শী বেদনার স্মৃতিকে ধারণ করে আছে। ১৪ ডিসেম্বর বাংলাদেশের প্রথিতযশা ও খ্যাতনামা বুদ্ধিজীবীর্দের নির্বিচারে হত্যা করে দেশকে মেধাশূন্য করার অপচেষ্টা চালানো হয়েছিল। তাঁদের আত্মত্যাগের কথা স্মরণে রেখে দিবসটি অত্যন্ত গুরুত্বের সাথে পালনের উদ্দেশ্যে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আজকের সভায় উপস্থাপিত কর্মসূচিতে যদি কোন বিষয় সংযোজন করলে দিবস উদযাপন যথাযথ হবে সে সব বিষয়ে মন্তব্য করার আহবান জানান। এ পর্যায়ে তিনি মাননীয় মন্ত্রী, জনাব আ. ক. ম মোজাম্মেল হককে সূচনা বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান।

০২। এ পর্যায়ে সভাপতি জনাব আ. ক. ম মোজাম্মেল হক, এমপি শহিদ বুদ্ধিজীবীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস বাঙালি জাতির ইতিহাসে একটি বেদনাদায়ক দিন মর্মে সভাকে অবহিত করেন। ১৪ ডিসেম্বরের হত্যাকান্ড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম এক বর্বর ঘটনা, যা বিশ্বব্যাপী শান্তিকামী মানুষকে স্তম্ভিত করেছিল। মহান মুক্তিযুদ্ধের বিজয় যখন নিশ্চিত, ঠিক তখনই পাকিস্তানী হানাদার বাহিনী ও তাদের দোসররা জাতির শ্রেষ্ঠ সন্তান বরেণ্য শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, সাংবাদিক, কবি ও সাহিত্যিকদের নির্মমভাবে হত্যা করে। এসব শহিদদের আত্মত্যাগের কথা স্মরণে রেখে দিবসটি অত্যন্ত গুরুত্বের সাথে পালন করার জন্য তিনি সকলকে আহবান জানান।

০৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন), জনাব দেবাশীষ নাগ জাতীয় খসড়া কর্মসূচি উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত জাতীয় কর্মসূচির প্রতিটি এজেন্ডার উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অংশগ্রহণকারী প্রতিনিধিবৃন্দের মতামত আহবান করা হয়। সম্ভাব্য কর্মসূচির বিষয়ে সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিগণ আলোচনায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং মূল্যবান মতামত ব্যক্ত করেন (সংযোজনী-ক)। সার্বিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

০৪। শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সভায় আলোচনা পর্যালোচনা শেষে নিম্নরূপ জাতীয় কর্মসূচির খসড়া চূড়ান্ত করা হয়ঃ

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | ১৪-১২-২০২২ | মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, তথ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ০২। | ১৪-১২-২০২২<br>সকাল-৭.০৫ টা | মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। | রাষ্ট্রপতির কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, বিভাগীয় কমিশনার, ঢাকা, জেলা প্রশাসক, ঢাকা। |
| ০৩। | ১৪-১২-২০২২<br>সকাল-৭.০৬ টা | মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। | প্রধানমন্ত্রীর কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, বিভাগীয় কমিশনার, ঢাকা, জেলা প্রশাসক, ঢাকা। |

অপর পৃষ্ঠা-০২ দ্রষ্টব্য

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৪। | ১৪-১২-২০২২<br>সকাল-৭.২২ টা | মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়সহ শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট/প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/গণপূর্ত অধিদপ্তর/ঢাকা মেট্রোপলিটন পুলিশ। |
| ০৫। | ১৪-১২-২০২২<br>সকাল-৮.৩০ টা | রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়সহ শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ডিএমপি, ঢাকা/গণপূর্ত অধিদপ্তর/বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট/প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল। |
| ০৬। | ১৪-১২-২০২২ | শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান। | মন্ত্রিপরিষদ বিভাগ/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ/মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/জেলা প্রশাসন (সকল)/উপজেলা প্রশাসন (সকল)। |
| ০৭। | ১৪-১২-২০২২<br>সুবিধাজনক সময়ে | শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৮। | ১৪-১২-২০২২<br>সুবিধাজনক সময়ে | সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। |

০৫। শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নিম্নরূপ পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের ক্রমধারা (সিকোয়েন্স) চূড়ান্ত করা হয়ঃ

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | ১৪-১২-২০২২<br>সকাল-৬.৫৫ মিঃ | মাননীয় প্রধানমন্ত্রীর আগমন। | প্রধানমন্ত্রীর কার্যালয়<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ০২। | ১৪-১২-২০২২<br>সকাল-৭.০০ টা | মহামান্য রাষ্ট্রপতির আগমন। | রাষ্ট্রপতির কার্যালয়<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ০৩। | ১৪-১২-২০২২<br>সকাল-৭.০৫ মিঃ | মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।<br>গার্ড অব অনার প্রদান। | সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ০৪। | ১৪-১২-২০২২<br>সকাল-৭.০৬ মিঃ | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।<br>গার্ড অব অনার প্রদান। | সশস্ত্র বাহিনী বিভাগ ও ৯ম পদাতিক ডিভিশন। |
| ০৫। | ১৪-১২-২০২২<br>সকাল-৭.১৫ মিঃ | মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান। | রাষ্ট্রপতির কার্যালয়<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ০৬। | ১৪-১২-২০২২<br>সকাল-৭.২০ মিঃ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থান। | প্রধানমন্ত্রীর কার্যালয় এবং<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ০৭। | ১৪-১২-২০২২<br>সকাল-৭.২২ মিঃ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়সহ উপস্থিত শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্য ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ০৮। | ১৪-১২-২০২২<br>সকাল-৮.৩০ মিঃ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়সহ উপস্থিত শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্য ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ শেষে সর্বসাধারণের জন্য স্মৃতিসৌধ উন্মুক্ত করণ। | ঢাকা মেট্রোপলিটন পুলিশ। |

০৬। উপরোল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নকালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও সমন্বয় সাধন করবে।

অপর পৃষ্ঠা-৩ দ্রষ্টব্য

০৭। আগামী ১৪ ডিসেম্বর ২০২২ শহিদ বুদ্ধিজীবী দিবসের জাতীয় কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ২টি কমিটি গঠনের প্রস্তাব অনুমোদিত হয়ঃ

**(ক) ১৪ ডিসেম্বর ২০২২ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে সমন্বয় কমিটিঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ২। | স্থানীয় সরকার বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | জননিরাপত্তা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | সুরক্ষা সেবা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | বিদ্যুৎ বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | ডিএমপি এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪। | প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ১৫। | ডেসকো এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৬। | পিডিবি এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৮। | বিভাগীয় কমিশনার, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২০। | জেলা প্রশাসক, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২০। | প্রধান বৃক্ষপালনবিদ, আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ২১। | শহিদ বুদ্ধিজীবী পরিবারের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ২২। | বাংলাদেশ স্কাউটস এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২৩। | যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

অপর পৃষ্ঠা-৪ দ্রষ্টব্য

(খ) ১৪ ডিসেম্বর ২০২২ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ০১। | কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ | - | আহবায়ক |
| ০২। | যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ০৩। | জননিরাপত্তা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ০৪। | সুরক্ষা সেবা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ০৫। | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ০৬। | এসএসএফ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ০৭। | স্পেশাল ব্রাঞ্চ (এসবি) এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ০৮। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ০৯। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | গণপূর্ত অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | জেলা প্রশাসক, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | শহিদ বুদ্ধিজীবী পরিবারের একজন সদস্য | - | সদস্য |
| ১৪। | বাংলাদেশ স্কাউটস এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৫। | কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

অপর পৃষ্ঠা-৫ দ্রষ্টব্য

(গ) ১৪ ডিসেম্বর ২০২২ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রস্তুতকরণ, পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচার, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা ও বিশেষ ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটিঃ

| ক্রমিক | পদবী, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| ২. | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৩. | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪. | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫. | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬. | প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ৭. | পিআইডি এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮. | সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ৯. | গণযোগাযোগ অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০. | বাংলাদেশ টেলিভিশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১. | বাংলাদেশ বেতার এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২. | কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

(১) ১৪ ডিসেম্বর ২০২২ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রস্তুতকরণ এবং প্রচারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(২) ১৪ ডিসেম্বর ২০২২ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ।

(৩) বেতার ও টেলিভিশনে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ।

(৪) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্য তুলে ধরে ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহন।

(৫) ১৪ ডিসেম্বর ২০২২ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে সরকারি/বেসরকারি বেতার টেলিভিশনের বিভিন্ন আলোচনা অনুষ্ঠান মনিটরিং।

(৬) উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-১০/০৮/২০২২

আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি

মন্ত্রী

মুক্তিযুদ্ধ বিষয় মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠা-৬ দ্রষ্টব্য

সংযোজনী-ক

৩.১। **আলোচনাঃ মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশঃ**

জাতীয় কর্মসূচির সিদ্ধান্ত অনুযায়ী যথাসময়ে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জানান, রাষ্ট্রপতির কার্যালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাণী সংগ্রহ করে যথাসময়ে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সভাপতি মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে বেতার, বিটিভিসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে পূর্ব থেকেই প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি এ বিষয়ে একটি ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ**

৩.১.১: ১৪ ডিসেম্বর ২০২২ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রস্তুতকরণ, পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচার, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা ও বিশেষ ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটি গঠন।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

৩.১.২: মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী যথাসময়ে প্রণয়নসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর;

৩.১.২: শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য এবং মর্মার্থ তুলে ধরে বাংলাদেশ বেতার, বিটিভিসহ অন্যান্য চ্যানেলে বিশেষ অনুষ্ঠান প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন।

৩.২। **আলোচনাঃ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং অনুষ্ঠানে গার্ড অব অনার প্রদানঃ**

মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং উক্ত অনুষ্ঠানে গার্ড অব অনার প্রদানের সময়সূচি নিয়ে আলোচনা হয়। সভাপতি জানান যে, পূর্ব অভিজ্ঞতা অনুযায়ী পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের সময়সূচি বরাবরের ন্যায় এবারও সকাল ৭.০৫ টা নির্ধারণ করা যুক্তিযুক্ত। তিনি এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতি কামনা করে সার-সংক্ষেপ প্রেরণের উপর গুরুত্বারোপ করেন। সভায় মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি বিটিভিসহ অন্যান্য চ্যানেলে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। এ বিষয়ে বাংলাদেশ বেতারের অতিরিক্ত মহাপরিচালক জানান, বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট থেকে দিবসের ভাবগাম্ভীর্য বজায় রেখে বিভিন্ন অনুষ্ঠানমালা প্রচার করা যায় এবং মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি সরাসরি প্রচার করা যায়। সভায় মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যগণের জন্য পুষ্পস্তবক প্রস্তুত রাখতে গণপূর্ত অধিদপ্তরকে (আরবরি কালচার) অনুরোধ জানানো হয়। এ বিষয়ে আরবরি কালচার এর প্রতিনিধি জানান, প্রতিবছরের ন্যায় এ বছরও যথাসময়ে পুষ্পস্তবক প্রস্তুত করা হবে। সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ**

৩.২.১: সভায় আগামী ১৪ ডিসেম্বর ২০২২ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও গার্ড অব অনার প্রদানের সময়সূচি বরাবরের ন্যায় এবারও সকাল ৭.০৫ টা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন সাপেক্ষে এই সময়সূচি কার্যকর করা হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠা-৭ দ্রষ্টব্য

৩.২.২: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতারসহ অন্যান্য চ্যানেলে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন।

৩.২.৩: মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে গার্ড অব অনার প্রদানের জন্য সশস্ত্র বাহিনী বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ সশস্ত্র বাহিনী বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়।

৩.২.৪: গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন আরবরি কালচার বিভাগ প্রয়োজনীয় সংখ্যক পুষ্পস্তবক যথারীতি প্রস্তুত পূর্বক এসএসএফ এর নিকট যথাসময়ে হস্তান্তর করবে এবং সচিব মহোদয়, মাননীয় মন্ত্রী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও শহিদ বুদ্ধিজীবী পরিবারের জন্য প্রস্তুতকৃত ০৪টি পুষ্পস্তবক মন্ত্রণালয়ের সহকারী সচিব (প্রশাসন-১) এর নিকট হস্তান্তর করবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, প্রধান বৃক্ষপালনবিদ, আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তর।

৩.৩। আলোচনাঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় ও মাননীয় মন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণঃ

সভায় জানানো হয় যে, মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় ও মাননীয় মন্ত্রী শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যবৃন্দ এবং হুইল চেয়ারধারী যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সাথে নিয়ে পুষ্পস্তবক অর্পণ করে থাকেন। এসময় আগত স্মৃতিসৌধ এলাকায় অপেক্ষমান জনসাধারণকে প্রবেশে বিরত রাখার বিষয়ে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। সচিব মহোদয় জানান, যেহেতু বুদ্ধিজীবী পরিবারের বয়স্ক সদস্যরা এ অনুষ্ঠানে উপস্থিত থাকেন সেহেতু মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণের পর মাননীয় মন্ত্রী শহিদ পরিবারের সদস্যবৃন্দকে সাথে নিয়ে পুষ্পস্তবক অর্পণের পূর্বমুহূর্ত পর্যন্ত স্মৃতিসৌধ এলাকায় অপেক্ষমান জনসাধারণকে প্রবেশে বিরত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনারকে অনুরোধ জানান। মেট্রোপলিটন পুলিশের প্রতিনিধি পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের ক্রমধারা (সিকোয়েন্স) বর্ণনা করার বিষয়ে অনুরোধ জানান। এ বিষয়ে সচিব মহোদয় মুল অনুষ্ঠান পরিচালনা করার জন্য একটি ঘোষণা মঞ্চ প্রস্তুত করাসহ মাইকে সিকোয়েন্স বর্ণনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং গণযোগাযোগ অধিদপ্তরকে অনুরোধ জানান। এছাড়াও তিনি স্মৃতিসৌধ এলাকায় সিসিটিভি স্থাপন এবং তা মনিটরিং করার জন্য গণপূর্ত অধিদপ্তর এবং মেট্রোপলিটন পুলিশকে নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

৩.৩.১: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণের পর মাননীয় মন্ত্রী শহিদ পরিবারের সদস্যবৃন্দকে সাথে নিয়ে পুষ্পস্তবক অর্পণের পূর্বমুহূর্ত পর্যন্ত স্মৃতিসৌধ এলাকায় অপেক্ষমান জনসাধারণকে প্রবেশে বিরত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

৩.৩.২: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান পরিচালনা করার জন্য একটি ঘোষণা মঞ্চ প্রস্তুত করা এবং দুইজন ঘোষকের মাধ্যমে মাইকে অনুষ্ঠান ক্রমধারা (সিকোয়েন্স) বর্ণনা করা এবং বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার।

৩.৩.৩: স্মৃতিসৌধ এলাকায় সিসিটিভি স্থাপন এবং তা মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

অপর পৃষ্ঠা-৮ দ্রষ্টব্য

৩.৪। **আলোচনাঃ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা/উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিশেষ আলোচনা সভার আয়োজনঃ**

মহান মুক্তিযুদ্ধে বিজয়ের প্রাক্কালে পাকিস্তানী হানাদার বাহিনী জাতির শ্রেষ্ঠ সন্তান বরেণ্য শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, সাংবাদিক, কবি, সাহিত্যিকদের ধরে নিয়ে তাঁদের উপর নির্মম অত্যাচার চালিয়ে হত্যা করে। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরের হত্যাকাণ্ড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম বর্বর ঘটনা, যা বিশ্বব্যাপী শান্তিকামী মানুষকে স্তম্ভিত করেছিল। জেলা/উপজেলায় স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান/আলোচনা সভার আয়োজন করার উপর গুরুত্বারোপ করা হয়। সভায় যথাসময় এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবান জানানো হয়।

<u>সিদ্ধান্তঃ</u>

৩.৪.১: শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা ও উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে সুবিধাজনক সময়ে আলোচনা সভা করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** মন্ত্রিপরিষদ বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/জেলা প্রশাসক (সকল)/উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৩.৫। **আলোচনাঃ মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভের সংস্কার ও পরিষ্কার পরিচ্ছন্নতাঃ**

সভায় শহিদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদায় পালন ও পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি সর্বাঙ্গীন সুন্দর করার লক্ষ্যে মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে প্রয়োজনীয় সংস্কার, পরিষ্কার-পরিচ্ছন্নকরণ, মিরপুর মাজার রোডের রাস্তা থেকে স্মৃতিসৌধে প্রবেশ পথের দুপাশের স্তম্ভে এবং পার্শ্ববর্তী স্থাপনার দেয়ালে সাঁটানো পোস্টার/লিফলেট পরিষ্কার করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে যথাসময়ে সংস্কার কাজ শেষ করার অনুরোধ জানানো হয়। দিবসের আগের দিন যেন স্মৃতিসৌধের রং এর কাজসহ প্রয়োজনীয় সংস্কার করা না হয় এ বিষয়ের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। নির্দিষ্ট সময়ের পূর্বে সকল সংস্কার কাজ সম্পন্ন করার উপর নির্দেশনা প্রদান করা হয়। মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ভিআইপি প্রক্ষালন কক্ষটি পরিষ্কার করাসহ স্মৃতিসৌধ চত্বরে পর্যাপ্ত সংখ্যক মোবাইল টয়লেট স্থাপনের বিষয়ে সভায় গুরুত্বারোপ প্রদান করা হয়। এছাড়াও শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ চত্বরে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম স্থাপনের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি শীতকালে হওয়ায় ঐ সময় বেদীতে অনেক কুয়াশা পড়ে এবং স্থাপনাটি পুরাতন এবং প্রয়োজনীয় সংস্কার না হওয়ায় বেদীর সিঁড়িগুলো পিচ্ছিল হয়ে যায় বিধায় দুর্ঘটনা এড়াতে বেদীর সিঁড়িগুলো শুকনো রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়।

<u>সিদ্ধান্তঃ</u>

৩.৫.১: মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণের সময় বেদীর সিঁড়িগুলো শুকনো রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর।

৩.৫.২: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের প্রবেশ পথের দুপাশের স্তম্ভ ও পার্শ্ববর্তী স্থাপনার দেয়ালের পোস্টার অপসারণসহ প্রয়োজনীয় সংস্কার, রং করা, মেরামত, পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ যথাসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর।

৩.৫.৩: মাজার রোডসহ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভের সকল প্রবেশ পথ/সড়ক যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর।

৩.৫.৪: শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের সংস্কার কাজ যথাযথভাবে/যথাসময়ে সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

অপর পৃষ্ঠা-৯ দ্রষ্টব্য

৩.৫.৪: মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ভিআইপি প্রক্ষালন কক্ষটি পরিষ্কার করাসহ প্রয়োজনীয় সংখ্যক মোবাইল টয়লেটের ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

৩.৫.৪: শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ চত্বরে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম স্থাপন করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ স্বাস্থ্য সেবা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩.৬। আলোচনাঃ মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের পুকুর এবং ২জন বীরশ্রেষ্ঠ এর সমাধি সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাঃ

সভায় মিরপুরস্থ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের অভ্যন্তরে অবস্থিত পুকুর এবং ২জন বীরশ্রেষ্ঠ এর সমাধি সংস্কারসহ অন্যান্য শহিদ বুদ্ধিজীবীদের নাম ফলক স্থাপন এবং কবরস্থান পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। প্রতি বছরের ন্যায় এবারও যথাসময়ে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্তঃ

৯.০১: স্মৃতিসৌধ এলাকায় অবস্থিত পুকুর এবং ২জন বীরশ্রেষ্ঠ এর সমাধি সংস্কারসহ অন্যান্য শহিদ বুদ্ধিজীবীদের সমাধিতে নাম ফলক স্থাপন এবং সমাধিস্থল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর।

৩.৭। আলোচনাঃ দিবসটির সার্বিক নিরাপত্তাঃ

সভায় মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা ব্যবস্থার বিষয়ে আলোচনা হয়। শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্য, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, বিশিষ্ট ব্যক্তিবর্গের মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে আগমন এবং অবস্থানকালীন নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য ডিএমপি'কে অনুরোধ জানানো হয়। ডিএমপি এর প্রতিনিধি জানান যে, শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এবং রায়ের বাজার বধ্যভূমির নিরাপত্তার বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হবে। এছাড়া, স্মৃতিসৌধ এলাকায় জেনারেটর স্থাপনসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করা হয়। দিবসটিতে ভিভিআইপি আগমন ও প্রস্থানের সময় ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্তঃ

৩.৭.১: শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যগণের মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে প্রবেশের ক্ষেত্রে যাতে কোন অসুবিধার সৃষ্টি না হয় সেজন্য তাদের তালিকা ডিএমপি, এসবি ও এসএসএফকে প্রদান করতে হবে। আমন্ত্রিত শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যগণকে প্রয়োজনে এসবি পাস প্রদান করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ ও ডিএমপি, ঢাকা।

৩.৭.২: শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে ১২ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর ২০২২ পর্যন্ত মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে এবং রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করণের জন্য জেনারেটর স্থাপনসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত জেনারেটর এর ব্যবস্থা রাখতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা ইলেক্ট্রনিক সাপ্লাই কোম্পানী (ডেসকো), পিডিবি এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩.৭.৩: মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আগমন, অবস্থান এবং প্রস্থানকালীন সার্বিক নিরাপত্তা ব্যবস্থাসহ ১৪ ডিসেম্বর ২০২২ তারিখে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের সড়কসমূহের ট্রাফিক ব্যবস্থা কঠোরভাবে নিয়ন্ত্রণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা।

অপর পৃষ্ঠা-১০ দ্রষ্টব্য

৩.৮। **আলোচনাঃ মাইকের ব্যবহার না করাঃ**

শহিদ বুদ্ধিজীবী দিবস পালন এবং দিবসের পবিত্রতা রক্ষার জন্য অনুষ্ঠান চলাকালীন সময়ে ধারাভাষ্য মঞ্চ ব্যতীত নিকটবর্তী স্থানে মাইক/লাউড স্পীকার ব্যবহার না করা বা মাইক/লাউড স্পীকার ব্যবহার বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অভিমত প্রকাশ করা হয়।

**সিদ্ধান্তঃ**

৩.৮.১: অনুষ্ঠানস্থলে লাউড স্পীকার/শব্দযন্ত্র ব্যবহার না করা এবং অনুষ্ঠান চলাকালীন সময়ে ধারাভাষ্য মঞ্চ ব্যতীত নিকটবর্তী স্থানে মাইক/লাউড স্পীকার ব্যবহার না করা বা বন্ধ রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ডিএমপি, ঢাকা ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ।

৩.৯। **আলোচনাঃ রায়ের বাজার বধ্যভূমিঃ**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়ে থাকে। তৎপ্রেক্ষিতে রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধের প্রয়োজনীয় মেরামত/সংস্কার/রং করণ/পরিষ্কার পরিচ্ছন্নকরণ প্রয়োজন। স্মৃতিসৌধটি আরো সুন্দর ও আকর্ষণীয় করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। স্মৃতিসৌধটি এমনভাবে সংস্কার করতে হবে যাতে এটির ভাবগাম্ভীর্য বজায় থাকে। অন্যান্য বছরের ন্যায় এ বছরও যথাসময়ে সার্বিক কার্যক্রম করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়। তাছাড়া সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য ডিএমপি, গণপূর্ত অধিদপ্তর ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্তঃ**

৩.৯.১: রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ এলাকায় সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে;

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং গণপূর্ত অধিদপ্তর।

৩.৯.২: রায়ের বাজার বধ্যভূমির পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** গণপূর্ত অধিদপ্তর এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩.৯.৩: যথাযথ ভাবগাম্ভীর্য বজায় রেখে রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে শ্রদ্ধা জানাতে আগত ব্যক্তি/সংগঠন নিয়মতান্ত্রিকভাবে যেন শ্রদ্ধা জানাতে পারে সে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ডিএমপি, ঢাকা।

স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২২- ২৬

তারিখ: ২২ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬) সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) ইন্সপেক্টর জেনারেল, পুলিশ হেডকোয়ার্টার্স, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৮) প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৯) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
১১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অপর পৃষ্ঠা-১১ দ্রষ্টব্য

১৩) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭) রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
১৮) বিভাগীয় কমিশনার (সকল),....................... জেলা।
১৯) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা।
২০) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২২) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২৩) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৪) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৫) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
২৬) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
২৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, মতিঝিল, ঢাকা।
২৮) মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ১১২, সার্কিট হাউস রোড, ঢাকা।
২৯) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩০) মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৩১) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান-২, ঢাকা।
৩২) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৩৩) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, মালিবাগ, ঢাকা।
৩৪) প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।
৩৫) ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, ঢাকা।
৩৬) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩৭) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী, খিলক্ষেত, ঢাকা।
৩৮) জেলা প্রশাসক (সকল)।
৩৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
৪০) ট্রাস্টি, মুক্তিযুদ্ধ যাদুঘর, আগারগাঁও, ঢাকা।
৪১) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪২) প্রধান বৃক্ষপালনবিদ, আরবরি কালচার, সেগুনবাগিচা, ঢাকা।
৪৩) সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৪৪) সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৪৫) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, সেগুনবাগিচা
৪৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৪৮) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪৯) যুগ্ম সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫০) জনাব, ..................................................... শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্য, ঢাকা।